

# কালের কণ্ঠ

৩০ সেপ্টেম্বর, ২০১৮

চট্টগ্রামে ল অলিম্পিয়াড

## ব্র্যাক ইউনিভার্সিটি চ্যাম্পিয়ন

সোসাইটি ফর ক্রিটিক্যাল লিগ্যাল স্টাডিজ (এসসিএলএস) আয়োজিত ‘এসসিএলএস ল অলিম্পিয়াড: সিজন ২’ প্রতিযোগিতায় ব্র্যাক ইউনিভার্সিটির দুটি দল চ্যাম্পিয়ন ও রানার্সআপ হয়েছে। ‘মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে সোচ্চার হও, মানবতার পথে অগ্রসর হও’ স্লোগানে চট্টগ্রামের ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি ক্যাম্পাসে বসে দুই দিনব্যাপী ‘এসসিএলএস ল অলিম্পিয়াড’ এর দ্বিতীয় আসর। ১৬ বিশ্ববিদ্যালয়ের ৩২ দল এ প্রতিযোগিতায় অংশ নেয়। এতে প্রধান অতিথি ছিলেন হাইকোর্টের বিচারপতি মোহাম্মদ হাবিবুল গণি। বিশেষ অতিথি ছিলেন ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. সেকান্দার খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক এম জসীম আলী চৌধুরী।

বিচারপতি মো. হাবিবুল গণি বলেন, ‘আইনের যথাযথ প্রয়োগের অভাব দেশে সুশাসন প্রতিষ্ঠায় প্রধান অন্তরায়।’